জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
web: www.ecs.gov.bd
ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮, ৫৫০০৭৬১১

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৮১৬

তারিখ: ০৫ পৌষ ১৪২৫ / ১৯ ডিসেম্বর ২০১৮

## পরিপত্র-১৬

বিষয় : **ভোটকেন্দ্রে বিভিন্ন রকমের সিল প্রেরণ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৪২ অনুচ্ছেদ অনুসারে নির্বাচনি কাগজপত্র সংরক্ষণ**

নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত পরিপত্র-১৩ ও ১৪ এর অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে নির্বাচনি দ্রব্যাদি পৌঁছানোর পর বিভিন্ন ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। **ব্যালট পেপার যাচাইকরণ:** ব্যালট পেপারসমূহ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকায় (ফরম-৫) বর্ণিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম এবং তাঁদের নামের বিপরীতে ছাপানো নির্বাচনি প্রতীক ও নির্বাচনি এলাকা ভিত্তিক প্রকৃত ভোটার সংখ্যা অনুযায়ী মুদ্রিত হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে। কোন ত্রুটি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে তা সংশোধন করার জন্য প্রেস ও নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করবেন।

৩। **ব্যালট পেপারের নিরাপত্তা:** নির্ধারিত সময়সূচি অনুযায়ী পর্যাপ্ত নিরাপত্তার সাথে সরকারি মুদ্রণালয় হতে ব্যালট পেপারসমূহ জেলা পর্যায়ে নিতে হবে। জেলা পর্যায় থেকে উপজেলা পর্যায়ে এবং পরবর্তীতে প্রিজাইডিং অফিসার কর্তৃক ভোটকেন্দ্রে নিয়োজিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী সদস্যসহ ভোটকেন্দ্রে অন্যান্য মালামালের সাথে নিয়ে যেতে হবে। ব্যালট পেপার বিতরণ ও সরবরাহের সময় নির্বাচনি এলাকায় দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ নিরাপত্তা প্রদান করবে।

৪। **বিভিন্ন ধরনের সিলের সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা:** ব্যালট পেপারসহ অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করতে হবে এবং সকল পর্যায়ে যাতে ব্যালট পেপার, মার্কিং সিল এবং অফিসিয়াল সিলের গোপনীয়তা রক্ষিত হয় তার নিশ্চয়তা বিধান করবেন। বিশেষ করে নির্বাচনি মালামাল সংরক্ষণ, বিতরণ ও সরবরাহের সময় অফিসিয়াল সিলের কোড নম্বরের গোপনীয়তা রক্ষা করতে হবে।

৫। **ব্রাস সিলের নিরাপত্তা কোড নম্বর:** ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি যেমন- অমোচনীয় কালি, স্ট্যাম্প প্যাড, গালা ও তিন রকমের সিল (অফিসিয়াল সিল, মার্কিং সিল এবং ব্রাস সিল) আপনার নিকট প্রেরণ করা হবে। প্রেরিত তিনটি সিলের মধ্যে অফিসিয়াল সিল এবং ব্রাস সিলে নিরাপত্তামূলক নম্বর (কোড মার্ক) রয়েছে। সুতরাং এই সিল দুইটি প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের সময় কোন্ ভোটকেন্দ্রে কোন নম্বরের সিল সরবরাহ করেছেন তা বিতরণ রেজিস্টারে লিখে রাখবেন এবং প্রত্যেক সিলের ছাপও নিরাপদ স্থানে রক্ষণাবেক্ষণ করবেন।

৬। **গানি ব্যাগের মাধ্যমে নির্বাচনি দ্রব্যাদি প্রেরণ:** বিভিন্ন ধরনের সিল ভোটকেন্দ্রে সরবরাহের জন্য চটের থলিও (গানি ব্যাগ) প্রেরণ করা হবে। প্রত্যেক ভোটকেন্দ্রের সিল চটের থলিতে আবদ্ধ করে সিল গালা করবেন এবং ভোটগ্রহণ শেষে ঐ চটের থলিতেই সিল গালা করে প্রিজাইডিং অফিসারকে ফেরত দিতে বলবেন। তবে এই ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারের পক্ষে পিতলের সিল (ব্রাস সিল) থলিতে ভর্তি করা সম্ভব হবে না। কারণ পিতলের সিলের মাধ্যমে চটের থলি সিল গালা করতে হবে বিধায় পিতলের সিলটি পৃথকভাবে জমা দিতে বলবেন। অতঃপর পর্যাপ্ত পুলিশ প্রহরাধীনে যত তাড়াতাড়ি সম্ভব সহকারী রিটার্নিং অফিসার/রিটার্নিং অফিসারের নিকট তা হস্তান্তর করবেন। সিলমোহরকৃত চটের গানি ব্যাগ ভোটকেন্দ্র হতে প্রেরণের পূর্বে গানি ব্যাগে ভোটকেন্দ্রের নম্বর ও নাম লিখিত কাগজ দ্বারা সেঁটে দিতে হবে।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd • ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৭। **নির্বাচনি কাগজপত্রাদি নিরাপত্তা সহকারে সংরক্ষণ:** জাতীয় সংসদের আসন্ন নির্বাচন শেষে সমস্ত নির্বাচনি কাগজপত্র গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪২ এর বিধান অনুসারে সংরক্ষণ করতে হবে। নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে নির্বাচনি কাগজপত্রাদি সরকারি কোষাগারে (ট্রেজারিতে ডাবল লকে) সংরক্ষণ করতে হবে এবং সংরক্ষণে সর্বোচ্চ নিরাপত্তা ও রক্ষামূলক ব্যবস্থা (safety and protection) গ্রহণ করতে হবে।

১৯/১২/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব (নিঃপঃ-২)
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস) ৭৯১১৮৪৬ (বাসা)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

প্রাপক

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। জেলা প্রশাসক, ............................ (সকল) ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৮১৬

তারিখ: ০৫ পৌষ ১৪২৫ / ১৯ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, .............................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ............................... (রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, .............................. রেঞ্জ (সকল)
১৩. পুলিশ কমিশনার, ......................................... মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. যুগ্মসচিব (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................................... (সকল)
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. জোনাল এক্সিকিউটিভ অফিসার, ................................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২১. পুলিশ সুপার, .................................... (সকল)
২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .............................. (সকল)
২৪. উপজেলা নির্বাহী অফিসার, ............................. (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার

২৫. ............................................................ ও সহকারী রিটার্নিং অফিসার
২৬. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, .............................. (সকল)
২৭. জেলা তথ্য অফিসার, ............................... (সকল)
২৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩১. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩২. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ....................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার......................... (সকল)
৩৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................... (সকল)
৩৫. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮
E-mail: sasemc1@gmail.com